তারিখ: 28 FEB 2016
পৃষ্ঠা ৩৬ ... কলাম ২

জামালপুরে শিক্ষামন্ত্রী

# নতুন প্রজন্মকে বিশ্বমানের শিক্ষা দিতে হবে

■ জামালপুর প্রতিনিধি

নতুন প্রজন্মকে শিক্ষিত করে গড়ে তুলতে হবে। তাদের জ্ঞান-বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে বিশ্বমানের শিক্ষা দিতে হবে। সে জন্যই বছরের প্রথম দিন শুক্রবার থাকা সত্ত্বেও সরকার দেশের বিভিন্ন স্থানে শিক্ষার্থীদের হাতে ৩৩ কোটি ৩৭ লাখ নতুন বই পৌঁছে দিয়েছে। গতকাল শনিবার দুপুরে জামালপুর সদর উপজেলার নান্দিনা শেখ আনোয়ার হোসাইন কলেজের ৫০ বছর পূর্তি অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এসব কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, মাতৃমৃত্যু আর শিশুমৃত্যু কমিয়ে আনতে বর্তমান সরকার কাজ করে যাচ্ছে। গর্ভকালে মা যাতে পুষ্টিসম্পন্ন থাকে, সে জন্য আমরা মাতৃত্বকালীন ভাতা প্রদান শুরু করেছি, যাতে দরিদ্র মা এই ভাতার টাকা দিয়ে ভালো খাবার খেয়ে একটি পরিপূর্ণ ও পুষ্ট সন্তান জন্ম দিতে পারেন।

জামালপুর সদর আসনের সংসদ সদস্য মো. রেজাউল করিম হীরার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী মির্জা আজম এমপি। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত পুলিশ সুপার মোহাম্মদ শরীফুল হক, জেলা আওয়ামী লীগের সভাপতি অ্যাডভোকেট বাকী বিল্লাহ, মারুফা আক্তার পপি, কলেজের সাবেক ছাত্রনেতা ডা. মো. শফিকুল ইসলাম মনিছ প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কলেজের প্রধান পৃষ্ঠপোষক শেখ মোহাম্মদ আনোয়ার হোসেন ও ভারপ্রাপ্ত অধ্যক্ষ আশরাফ হোসেন তরফদার।